গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৫ম সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২৮ নভেম্বর, ২০২১ |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | (১) ড.সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়; (২) জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), ডাইফ ; (৩) মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আইএমইডি ; (৪) আমেনা বেগম, যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; (৫) শিরীন রুবী (যুগ্মসচিব), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ; (৬) মোঃ মোশাররফ হোসেন (যুগ্মসচিব) , প্রকল্প পরিচালক; (৭) তাহেরা হক (উপপ্রধান),শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন ; (৮) মোছাঃ মাজেদা ইয়াসমীন, উপসচিব, এনইসি ও সমন্বয়, পরিকল্পনা বিভাগ; (৯) মোঃ মাহবুব হাসান শাহীন, উপপ্রধান, কার্যক্রম বিভাগ; (১০) সুরাইয়া জাহান (উপসচিব),অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং (১১) মোছাঃ দেলোয়ারা খাতুন, সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় । |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরে সভাকে অবহিত করেন যে, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন' শীর্ষক প্রকল্পের মেয়াদকাল সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ এবং প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য দেশের শিল্প কারখানাসমূহের নিরাপদ কর্মপরিবেশ ও পেশাগত স্বাস্থ্য নিশ্চিতকরণ এবং শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও গবেষণা পরিচালনার লক্ষ্যে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের শিল্প কারখানাসমূহে পেশাগত স্বাস্থ্য ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরা সম্ভব হবে। তিনি আলোচ্যসূচির ক্রমানুসারে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**০২। আলোচনা:**

**ক) প্রকল্পের ৪র্থ পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা :**

প্রকল্পের ৪র্থ পিএসসি সভা গত ২০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে মন্ত্রনালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্হাপন করা হয়। কার্যবিরণীতে কোন সংশোধন বা পরিমার্জন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় মূল সিদ্ধান্ত ছিল প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে, সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে সেনা কল্যান সংস্থা পাইল লোড টেস্ট রিপোর্ট দাখিল করবে এবং ১০ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রকল্প পরিচালক জানান, সিদ্ধান্ত সমুহ বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রকল্পের মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধির জিও মন্ত্রণালয় হতে জারী করা হয়েছে। সেনা কল্যান সংস্থা পাইল লোড টেস্ট রিপোর্ট প্রদান করেছে এবং আরডিপিপি মন্ত্রণালয়ের প্রেরণের জন্য প্রস্তুত করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**খ) প্রকল্পের ১০ম পিআইসি সভার কার্যবিবরণীর সুপারিশ ও সিদ্ধান্তসমূহ পর্যালোচনা:**

প্রকল্পটির ১০ম পিআইসি সভা গত ০২ নভেম্বর, ২০২১ তারিখে অধিদপ্তরের মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উক্ত পিআইসি সভার সিদ্ধান্ত ও সুপারিশসমূহ উপস্থাপন ও পর্যালোচনা করা হয়। প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির ডিপিপি সংশোধনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এতে ত্রুটিপূর্ণ ডিপিপি সংশোধনের জন্য কয়েকটি আইটেম সংশোধন ও সংযোজন প্রস্তাব করা হয়েছে। একাডেমিক ভবন, পুরুষ হোস্টেল ও মহিলা হোস্টেলের সংশোধন প্রস্তাব করা হয়েছে। এছাড়া প্রিন্সিপাল ভবন নির্মান, সাবস্টেশন, জেনারেটর ও পাম্প হাউস নির্মান, ০৪ টি লিফট, ফায়ার প্রটেকশন ও থান্ডার এরেস্টার সুবিধা সংযোজন সহ বেশ কিছু প্রস্তাব চুড়ান্ত করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**গ) প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের ভৌত ও আর্থিক অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক, জনাব মোঃ মোশাররফ হোসেন (যুগ্মসচিব) সভা-কে অবহিত করেন যে, প্রকল্পটির আর্থিক অগ্রগতি ৩৫% এবং ভৌত অগ্রগতি ৫৫% । প্রকল্পের মেয়াদ জুন ২০২১ মাসে শেষ হলে গত কয়েক মাস কার্যক্রম বন্ধ ছিল। সম্প্রতি ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর অর্থাৎ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ২০২১ -২২ অর্থ বছরে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে তবে আইবাস++ ও এএমএস এন্ট্রি সম্পন্ন হয়নি এবং কোন অর্থ ছাড় করা হয়নি। প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা বাস্তবায়ন করছে।

**ঘ) আরডিপিপি প্রণয়ন বিষয়ক অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের ডিপিপি সংশোধন বিষয়ে প্রকল্প পরিচালকের প্রস্তাব মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে গত ২১ ডিসেম্বর, ২০২০ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে ডিপিপি সংশোধন প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে বিগত পিএসসি সভা সমূহেও আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়েছে। প্রকল্প পরিচালক সভায় জানান যে, কোভিড পরিস্থিতি এবং কিছু কারিগরি প্রতিবেদন সময়মত না পাওয়ায় আরডিপিপি প্রস্তাব চুড়ান্ত করা সম্ভব হয়নি। আরডিপিপি প্রস্তাবে একাডেমিক ভবন, পুরুষ হোস্টেল ও মহিলা হোস্টেলের সংশোধন সহ প্রিন্সিপাল ভবন নির্মান, সাবস্টেশন, জেনারেটর ও পাম্প হাউস নির্মান, ০৪ টি লিফট, ফায়ার প্রটেকশন ও থান্ডার এরেস্টার সুবিধা সংযোজন সহ বেশ কিছু সংশোধন প্রস্তাব করা হয়েছে। তবে প্রকল্পটির মোট ব্যয়ের কোন পরিবর্তন হবেনা। প্রস্তাবিত আরডিপিপি অনুমোদন হলে প্রকল্পটি সমাপ্ত করা নির্ধারিত সময়ে সম্ভব হবেনা। বিধায় আরোও ০১ বছর অর্থাৎ জুন,২০২৩ পর্যন্ত প্রকল্প মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। মহাপরিদর্শক, ডাইফ বলেন, পিইসি সভার সিদ্ধান্ত প্রতিপালন পূর্বক বিধিবিধান যাচাই বাছাই পূর্বক যৌক্তিকতা সংযোজন সহ আরডিপিপি প্রস্তাব চুড়ান্ত করা হয়েছে। প্রস্তাবগুলো অনুমোদন করা যায়। আরডিপিপিতে ব্যয় বৃদ্ধির প্রস্তাব করা হয়নি। ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর ইতিমধ্যে বৃদ্ধি হওয়ায় আরডিপিপিতে ০১ বছর অর্থাৎ জুন, ২৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হবে। মহাপরিচালক, আইএমইডি বলেন, আরডিপিপি প্রস্তাব প্রেরণের পূর্বে নতুন আইটেম সমূহের সংযোজন এবং আর্থিক বিষয়সমূহ ভালভাবে পর্যালোচনা করে প্রেরণ করা প্রয়োজন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন পিইসি সভার সিদ্ধান্তমতে সংশোধিত ডিপিপি জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সভাপতি মহোদয় প্রস্তাব সমূহের সাথে একমত পোষণ করেন।

০৩। **সিদ্ধান্ত:** সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ১০ম পিএসসি সভায় গৃহীত সিদ্ধান্তমতে দ্রুততম সময়ে আরডিপিপি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

খ) আইবাস++ ও এমএমএস এন্ট্রি ১৫ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং

গ) দ্রুত ১ম ও ২য় কিস্তির অর্থছাড় করতে হবে ।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০০৪.২১.২৮

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৮
০৪ ডিসেম্বর ২০২১

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ

৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৭) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৮) প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৯) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

১০) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১২) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব